গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নথি নং-১৮.০২৪.০১৪.০০৪.০২০.২০১৪/০০-১৮৮ তারিখঃ ১৩/০৮/২০১৭ খ্রিঃ

**বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিভূক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের জুন, ২০১৭ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

বিগত ১৮/০৭/২০১৭ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠিত অত্র মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিভূক্ত উন্নয়ন প্রকল্পের জুন, ২০১৬ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ০৩ (তিন) পাতা।

১৩/০৮/২০১৭
সীমা রানী ধর
সহকারী প্রধান
ফোনঃ-৯৫১৪৪৭৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব/উপ-প্রধান, ইউ এন- ৩)।
৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৮। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
১০। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
১৬। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান(১/২/৩/৪/৫) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E/P-5/ADP.MINTS.LETTER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৭ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ শাজাহান খান, এম পি
মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।

সভার তারিখ ঃ ১৮/০৭/২০১৭

সময় ঃ বেলা ১.৩০ ঘটিকা

স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত হলো।

০২। মাননীয় মন্ত্রী সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার অনুরোধ জানান। সচিব মহোদয় বলেন যে, অদ্যকার সভায় ২০১৬-১৭ অর্থ বছরের উন্নয়ন বাজেটে গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। অত:পর তিনি মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোট ৩৯টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ১৮১৫.৪৪ কোটি টাকার বিপরীতে জুন, ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৯৪২.১৯ কোটি টাকা, যা বরাদ্দের ১০৬.৯৭%। উক্ত অগ্রগতি ২০১৬-১৭ অর্থ বছরের জুন ২০১৭ পর্যন্ত জাতীয় গড় ৯০% এর তুলনায় বেশী। সভাকে অবহিত করা হয় যে, সংস্থার নিজস্ব অর্থায়ন ব্যতীত এডিপির অর্থায়নে বাস্তবায়নাধীন মোট ২৭টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ১৭০৭.৮৪ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে জিওবি ১৩৫০.০০ কোটি এবং প্রকল্প সাহায্য ৩৫৭.৮৪ কোটি টাকা। জুন/২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৮৪৩.১৬ কোটি টাকা, যা মোট বরাদ্দের ১০৬.৯৭%। সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১২টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১০৭.৬০ কোটি টাকার বিপরীতে জুন/২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ৯৯.০২ কোটি টাকা যা মোট বরাদ্দের ৯২.০৩%। সার্বিকভাবে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি বাস্তবায়ন ১০৬.৯৭%।

২.২। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়ের আরএডিপিভুক্ত প্রকল্পগুলোর সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পভিত্তিক বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন। সংস্থাভিত্তিক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির নিম্নরূপ চিত্র তুলে ধরা হয়ঃ

(কোটি টাকায়)

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ | জুলাই/১৬ হতে জুন/১৭ পর্যন্ত ব্যয় | |
|---|---|---|---|---|
| | | | মোট | (%) |
| বিআইডব্লিউটিএ | ১৩ | ৯০২.৭৩ | ৯০৩.০৩ | ১০০.০৩ |
| বিআইডব্লিউটিসি | ৬ | ৫৬.৮৮ | ৫১.৩৯ | ৯০.৩৫ |
| মংলা বন্দর কর্তৃপক্ষ | ৪ | ২৭.৯৫ | ২৬.৮৬ | ৯৬.১২ |

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ | জুলাই/১৬ হতে জুন/১৭ পর্যন্ত ব্যয় মোট | (%) |
|---|---|---|---|---|
| স্থল বন্দর কর্তৃপক্ষ | ৪ | ৫২.০৫ | ৭১.৮৩ | ১৩৮.০১ |
| নৌপম | ২ | ১২১.৪১ | ১২০.৮২ | ৯৯.৫১ |
| নৌ পরিবহন অধিদপ্তর | ২ | ৩.৫২ | ১.৪৪ | ৪১.১১ |
| চবক | ৫ | ৫৮.০০ | ৬২.১৮ | ১০৭.২১ |
| বিএসসি | ২ | ৩৩০.০০ | ৪৪২.৮০ | ১৩৪.১৮ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ১ | ২৬২.৯০ | ২৬১.৮০ | ৯৯.৫৮ |
| উপমোট:এডিপি বাস্তবায়ন | ৩৯ | ১৮১৫.৪৪ | ১৯৪২.১৮ | ১০৬.৯৭ |

৩.০। অত:পর সভায় ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি/সমস্যা এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **প্রকল্পের ১ম কিস্তির কিস্তির অর্থছাড়ঃ** প্রকল্পের অর্থছাড়ের বিষয়ে পরিকল্পনা উইং হতে জানানো হয় যে, প্রকল্পের কার্যক্রম যেন বাধাগ্রস্থ না হয় সেজন্য সকল প্রকল্পের ১ম কিস্তির অর্থছাড়ের প্রস্তাব জুলাই/২০১৭ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিলের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। | প্রকল্পের ১ম কিস্তির অর্থছাড়ের প্রস্তাব জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.২ | **২০১৭-১৮ অর্থ বছরের কর্ম পরিকল্পনাঃ** এডিপিভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি কাঙ্খিত লক্ষ্যে উন্নীত করার লক্ষ্যে প্রতিটি প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা যথাযথভাবে প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং প্রতিটি স্তরে এর মনিটরিং করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। সভায় জুলাই/২০১৭ মাসের মধ্যে কর্ম পরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং প্রতিটি স্তরে মনিটরিং করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.৩ | **২০১৭-১৮ অর্থ বছরের ক্রয় পরিকল্পনাঃ** চলতি অর্থ বছরে উন্নয়ন প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বছরের শুরুতে ক্রয় পরিকল্পনা যথাযথ প্রণয়ণ ও বাস্তবায়নের উপর গুরুত্বরোপ করা হয়। সভায় জুলাই/২০১৭ মাসের মধ্যে ক্রয় পরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের ক্রয় পরিকল্পনা জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.৪ | **দরপত্র আহবানঃ** সভায় আগামী আগষ্ট/২০১৭ এর মধ্যে সকল দরপত্র আহবান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, সভায় দরপত্র প্রণয়ন ও প্রক্রিয়াকরণে সর্ব্বোচ্চ আন্তরিকতার সাথে কাজ করার জন্য সংশ্লিষ্ট | কোন কারণ ব্যতীত ২০১৭-১৮ অর্থ বছরের ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল দরপত্র আগষ্ট/২০১৭ মাসের মধ্যে আহবান করতে হবে। এছাড়া, | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | দরপত্র প্রণয়ন ও প্রক্রিয়াকরণ সর্ব্বোচ্চ আন্তরিকতার সাথে সম্পাদন করতে হবে। | |
| ৩.৫ | <u>প্রকল্পের পিএসসি এবং পিআইসি কমিটি সক্রিয় করাঃ</u> প্রতিটি প্রকল্পের পিএসসি এবং পিআইসি কমিটি থাকলেও উক্ত কমিটিগুলোর সভা নিয়মিত আহবান করা হয় না। প্রকল্পগুলোর পিএসসি এবং পিআইসি কমিটির সভা নিয়মিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্রতিটি প্রকল্পের পিএসসি এবং পিআইসি কমিটি সভা নিয়মিত আহবান করতে হবে। প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা থাকলে পিআইসি কমিটির সুপারিশসহ তা প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |

৪.০। সচিব মহোদয় নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ১০৭% এ উন্নীত হওয়ায় জন্য এর সাথে সংশ্লিষ্ট সংস্থা প্রধান, প্রকল্প পরিচালকসহ সকলকে ধন্যবাদ জানান এবং আগামীতে এর ধারাবাহিকতায় রক্ষা জন্য আন্তরিকতার সাথে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

৫.০। মাননীয় মন্ত্রী ২০১৬-১৭ অর্থ বছরের আরএডিপিভুক্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি আগামী ২০১৭-১৮ সালের এডিপিতে অন্তভুক্ত প্রকল্পের ক্রয় পরিকল্পনা, কর্মপরিকল্পনা এবং প্রকল্পের প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৬.০। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাজাহান খান, এমপি)
মন্ত্রী